

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিকে প্রত্যাখ্যান সাদা দলের

ঢাবি প্রতিবেদক

২২ আগস্ট ২০২৪, ০৮:৪৬ পিএম



সাদা দল

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শিক্ষক সমিতিকে প্রত্যাখ্যান করেছে বিএনপিপছ্টী শিক্ষকদের সংগঠন সাদা দল। আজ বৃহস্পতিবার সাদা দলের আন্তর্যামীক অধ্যাপক লুৎফর রহমান, যুগ্মসাধারণ সম্পাদক অধ্যাপক মোহাম্মদ ছিদ্রিকুর রহমান খান ও অধ্যাপক আবদুস সালাম স্বাক্ষরিত এক বিবৃতিতে শিক্ষক সমিতিকে প্রত্যাখ্যান করা হয়।

বিবৃতিতে ঢাবি শিক্ষক সমিতির বিরুদ্ধে 'অনির্বাচিত' অ্যাখ্যা দিয়ে স্বেরাচারী সরকার ও তাদের দোসরদের অব্যাহত সমর্থন করা এবং ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের বিরুদ্ধে অবস্থান নেওয়ার অভিযোগ আনা হয়।

বিবৃতিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান অনির্বাচিত শিক্ষক সমিতির বিগত দিনের কর্মকাণ্ড শিক্ষক-শিক্ষার্থী বাস্ফব না হওয়ায়, স্বেরাচারী সরকার ও তাদের দোসরদের অব্যাহত সমর্থন করায় এবং সাম্প্রতিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের বিরুদ্ধে অবস্থান নেওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় সাদা দল সমর্থক শিক্ষকবৃন্দ শিক্ষক সমিতিকে প্রত্যাখ্যান করছে।